

সমাধানের কর্মপরিকল্পনাঃ

ক) **অবহিতকরন সভা**- উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সিনিয়র সহ: উপজেলা শিক্ষা অফিসার সহযোগে প্রকল্পের সার্বিক দিক নিয়ে একটি অবহিতকরন সভা করে প্রকল্পের ফলাফল সম্পর্কে ধারণা প্রদান।

খ) **স্থান নির্ধারণ** : যেহেতু ইউআরসিতে একটি প্রশিক্ষণ কক্ষ আছে সেহেতু এটি এর জন্য উপযুক্ত হবে।

গ) **সময় নির্ধারণ** : প্রতি ১৪ জনের জন্য ৭ দিন করে সময় নির্ধারণ করা হয়েছে। সে হিসেবে ১৪ দিনের প্রয়োজন হবে। প্রতি ১৪ জনকে প্রথমে ৪ দিন ইউআরসিতে এনে ৯.৩০ টা থেকে ৪.৩০ টা পর্যন্ত সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ দিয়ে পরবর্তী দলকে ডাকা হবে। এভাবে প্রতি দলের ৪দিন করে শেষ হলে পুনরায় ১ম দলকে ডেকে পূর্ববর্তী কাজের অগ্রায়ন সহ পরবর্তী বিষয়গুলো জানানো হবে। এজন্য প্রত্যেক দলের জন্য আরও তিন দিন সময় নির্ধারণ করা হবে এবং পরবর্তী যে কোন পরামর্শ বা সহযোগীতার জন্য ইউআরসিতে শিক্ষকগণ যে কোন সময় যোগাযোগ করতে পারবেন। এবং আশা করা যায় এপ্রিল/১৭ এর মধ্যে প্রকল্পটি ১ম পর্যায়ে সফলতার সঙ্গে সমাপ্ত হবে।

ঘ) **বাস্তবায়নকারী**: ১) ইউআরসি ইন্সট্রাক্টর এবং আইসিটি বিষয়ে দক্ষ একজন সহকারী ইন্সট্রাক্টর/সহ:উপজেলা শিক্ষা অফিসার/ইউআরসির ডাটা এন্ট্রি অপারেটর যিনি প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন

২) ইউইও যিনি শিক্ষকগণকে ডেপুটেশন প্রদান করে সহযোগীতা করবেন।

৩) উপজেলা চেয়ারম্যান এবং ইউএনও যারা উপজেলা পর্যায়ে এ ধরনের প্রোগ্রাম বাস্তবায়নে সকল ধরনের সহযোগীতা এবং উৎসাহ প্রদান করবেন।

ঙ) **অংশগ্রহনকারী** : ২৮টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

চ) **কারিগরী সহায়তা**:এ ধরনের কার্যক্রমের জন্য ইন্টারনেট সংযোগ অত্যন্ত জরুরী এ জন্য ইউআরসিতে একটি রাওটার এর মাধ্যমে ওয়াই ফাই সংযোগ গ্রহন করতে হবে,

ছ) **প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ**: ঠিক কিভাবে ইন্টারনেট এবং ই-মেইল ব্যবহার করা যায় সে বিষয়ে একটি প্রশিক্ষণ ম্যানুয়াল প্রণয়ন করতে হবে। এ বিষয়ে ইউআরসি ইন্সট্রাক্টর, ইউইও/এইউইও/শিক্ষক/ পিটিআই ইন্সট্রাক্টর / আইসিটি প্রশিক্ষণ ম্যানুয়াল এর সহযোগীতা নিয়ে একটি প্রশিক্ষণ ম্যানুয়াল প্রনয়ন করবেন।

জ) **বাজেট প্রনয়ন** : এ ধরনের একটি কার্যক্রম প্রণয়ন করতে কত টাকার প্রয়োজন হতে পারে তা নির্ধারণ করে নিতে হবে।

বাজেট বিভাজনঃ

ওয়াইফাই কানেকশন	= ৫০০০ টাকা ,
প্রিন্ট সহ অন্যান্য খরচ	= ৪৫০০ টাকা,
সম্মানী ৩ জন অফিসার)	= ৩x৪০০ = ১২০০ টাকা,(উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার)
দুইজন প্রশিক্ষক ৭x৪ x৫০০	= ১৪০০০ টাকা,
প্রশিক্ষনার্থী ২৮x১২৫x৭	= ২৪৫০০ টাকা
সাপোর্ট সাভিস ২০০x৪	= ৮০০ টাকা
মোট	= ৫০০০০ টাকা